



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৬৯

তারিখঃ ১৫ জুন ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

জামালপুরে সাংবাদিক হত্যার ঘটনায় উদ্বেগ

১৫/০৬/২৩ ইং তারিখে গণমাধ্যমে প্রকাশিত 'জামালপুরে সন্ত্রাসীদের হামলায় সাংবাদিক নিহত' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। নিহত সাংবাদিক গোলাম রক্বানির স্ত্রীর বরাত দিয়ে প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, সংবাদ প্রকাশকে কেন্দ্র করে বকশীগঞ্জের সাধুরপাড়া ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান মাহমুদুল আলম তাঁর (গোলাম রক্বানি) ওপর অসন্তুষ্ট হয়েছিলেন। আগেও তিনি নানাভাবে হেনস্তা করার চেষ্টা করেছেন। ওই ইউপি চেয়ারম্যানের লোকজনই হামলা করে তাঁকে হত্যা করেছেন।

জাতীয় মানবাধিকার কমিশন চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ বলেন, পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে সাংবাদিকদের ওপর হামলা নির্যাতনের এমনকি হত্যার ঘটনা সম্প্রতি উদ্বেগজনক ভাবে বেড়েছে বলে কমিশন লক্ষ্য করছে। নিহত সাংবাদিক গোলাম রক্বানির ওপর হামলাকারীরা যেই হোক না কেন তাদের দ্রুত গ্রেপ্তার করে কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানায় কমিশন। নিহত সাংবাদিকের পরিবারের প্রতি সমবেদনা জানানোর পাশাপাশি তিনি তাদের নিরাপত্তা ও সার্বিক সহযোগিতার ব্যবস্থা গ্রহণ করার জন্য স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আহ্বান জানান।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।